

## প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্ন (FAQs)

**প্র:** সমান ও স্বাধীন প্রবেশাধিকার বলতে কী বোঝায়?

**উ:** নিয়োগকর্তা, আবাসন প্রদানকারী, এবং ব্যবসার মালিকদের অবশ্যই একজন অক্ষমতা থাকা ব্যক্তিকে কাজ করা, নিজের বাড়িতে বসবাস করা, বা সার্বজনিক স্থানে প্রবেশ করা অব্যাহত রাখার সুযোগ দেওয়ার জন্য নীতি বা শারীরিক স্বাচ্ছন্দ্য বজায়যোগ্য স্থান (physical space) সংক্রান্ত উপযোগিকরণ বা পরিবর্তন প্রদান করতে হবে।

**প্র:** সমান ও স্বাধীন প্রবেশাধিকার বিষয়টি কীরকম?

**উ:** উদাহরণের অন্তর্ভুক্ত হল:

- একজন আবাসন প্রদানকারী ভবনের প্রবেশদ্বারে একটি ঢালু তল (র্যাম্প) বসান যাতে হইলচেয়ার ব্যবহারকারী বাসিন্দারা স্বাধীনভাবে প্রবেশ ও প্রস্থান করতে পারেন।
- একজন ক্রেতা তাকে সেবাদানকারী পশুটিকে রেস্টুরেন্টে আনেন এবং অন্য যে কোনো ক্রেতার মতো করে পরিষেবা উপভোগ করেন।
- একজন নিয়োগকর্তা একজন স্বল্প দৃষ্টিশক্তিসম্পন্ন কর্মচারীকে তার কম্পিউটারের জন্য একটি স্ক্রীণ রীডার প্রদান করেন যাতে তিনি তার কাজ সম্পাদন করতে পারেন।

**প্র:** এই উপযোগিকরণের জন্য কে খরচ দেবেন?

**উ:** প্রায় সকল ক্ষেত্রেই উপযোগিকরণের জন্য খরচ প্রদান করা নিয়োগকর্তা, আবাসন প্রদানকারী, বা ব্যবসার মালিকদের দায়িত্ব।

**প্র:** একজন নিয়োগকর্তা, আবাসন প্রদানকারী, বা ব্যবসার মালিক অক্ষমতা থাকা একজন ব্যক্তিকে স্থান দেওয়ার জন্য কীভাবে একটি যথাযথ উপায় নির্ধারণ করেন?

**উ:** একজন অক্ষমতা থাকা ব্যক্তিকে কাজ করা, নিজের বাড়িতে বসবাস করা, বা সার্বজনিক স্থানে বা ব্যবসায় প্রবেশ করা অব্যাহত রাখার সুযোগ দিতে সম্ভবপর বিকল্পগুলি নির্ধারণ করার জন্য একজন নিয়োগকর্তা, আবাসন প্রদানকারী, বা ব্যবসার মালিককে অবশ্যই প্রথমে পরিবর্তনটির জন্য অনুরোধকারী ব্যক্তির সাথে কথাবার্তা চালাতে হবে।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনি বৈষম্যের শিকার হয়েছেন বা সাক্ষী হয়েছেন, তাহলে  
**আমরা সাহায্য করতে পারি।**

**311** নম্বরে কল করুন এবং **NYC Commission on Human Rights** (মানবাধিকার কমিশনের) সঙ্গে কথা বলুন বা কমিশনকে সরাসরি **(212) 416-0197** নম্বরে ফোন করুন।

# NYC

Commission on Human Rights  
(মানবাধিকার কমিশন)

অক্ষমতা থাকা মানুষদের  
জন্য মেয়রের অফিস


[NYC.gov/HumanRights](http://NYC.gov/HumanRights)

[NYC.gov/mopd](http://NYC.gov/mopd)

#EqualAccessNYC



@NYCCHR • @NYCDisabilities



**NYC মানবাধিকার আইনের  
(NYC Human Rights Law)  
আওতায় অক্ষমতার ক্ষেত্রে সুবক্ষাদান  
সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমান ও স্বাধীন প্রবেশাধিকার**

# NYC

Commission on  
Human Rights  
(মানবাধিকার  
কমিশন)

অক্ষমতা থাকা  
মানুষদের জন্য  
মেয়রের অফিস

# সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমান ও স্বাধীন প্রবেশাধিকার

নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন (New York City Human Rights Law) কোনো একজন ব্যক্তির অক্ষমতার ভিত্তিতে বৈষম্য করাকে নিষিদ্ধ করেছে এবং নিউ ইয়র্ক সিটিতে অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য স্বাধীন ও সমান প্রবেশাধিকারকে উন্নত করে। অক্ষমতা থাকা আমেরিকান সংক্রান্ত আইনটির (Americans with Disabilities Act, ADA) চেয়ে এই আইনটি সাধারণভাবে আরো বেশি সুরক্ষাদায়ক। এটির জন্য একজন ব্যক্তির প্রয়োজনগুলির ব্যক্তিগতকৃত মূল্যায়নের প্রয়োজন হয় এবং সেই প্রয়োজনগুলিকে উদ্দেশ্য করে এমন উপযোগিতাগুলি প্রদানের একটি বাধ্যবাধকতা সৃষ্টি করে। এটি অনুমান করে নেয় যে সব কটি উপযোগিতাই যুক্তিসঙ্গত, যদি না এটি নিয়োগকর্তা, আবাসন প্রদানকারী, বা ব্যবসার মালিকদের তা করার ক্ষেত্রে "অসঙ্গত কষ্ট" আরোপ করে।

## বৈষম্য সনাক্ত করতে আপনাকে সাহায্য করার জন্য কাল্পনিক ঘটনাবলী

1. ব্যারি বধির এবং মূলত ASL-এর সাহায্যে কথাবার্তা চালান। তিনি যখন একজন কার্ডিওলজিস্টের সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট করার জন্য ফোন করেন, তখন তিনি তার অক্ষমতাটি ব্যাখ্যা করেন এবং তার অ্যাপয়েন্টমেন্টে একজন ASL দোভাষীকে রাখার জন্য অনুরোধ জানান। রিসেপশানিস্ট তাকে চিন্তিত না হতে বলেন এবং বলেন যে পরিবর্তে ডাক্তার লেখার মাধ্যমে কথাবার্তা চালাবেন। ব্যারি বারবার তার অনুরোধ জানান কিন্তু রিসেপশানিস্ট তাকে বলেন যে তাকে নিজের দোভাষী নিয়ে আসতে হবে। ব্যারি অ্যাপয়েন্টমেন্ট না করার সিদ্ধান্ত নেন যা তার স্বাস্থ্যকে বিপন্ন করে।
2. কেলি-র একটি দীর্ঘস্থায়ী রোগাবস্থা আছে যেটির জন্য কার্যদিবসের সময়ে সপ্তাহে একবার করে তাকে মেডিকাল চিকিৎসার জন্য যেতে হয়, যেটির সমর্থনে তিনি তার সুপারভাইজারকে কাগজপত্র দেখিয়েছিলেন। তার সুপারভাইজর তাকে বলেছিলেন যে তিনি শুধুমাত্র তার অসুস্থতার ছুটি ব্যবহার করতে পারেন, এবং তার

যখন অসুস্থতার ছুটি শেষ হয়ে যাওয়ার পরে তাকে চাকরি থেকে ছাড়িয়ে দেওয়া হবে। কেলি তার অসুস্থতার ছুটি ফুরিয়ে ফেলার পরে তাকে চাকরি থেকে ছাড়িয়ে দেওয়া হয়েছিল।

3. চার বছর আগে, জনকে তার অক্ষমতার কারণে চলাফেরার জন্য একটি স্কুটারের উপরে ভরসা করতে হত। তার অ্যাপার্টমেন্টের বাথরুমের দরজা এতটাই অপ্রশস্ত যে তার স্কুটার নিয়ে ঢোকা তার পক্ষে সম্ভব নয়। জন বারবার তার বাড়ির মালিককে বাথরুমের দরজাটা চওড়া করে দিতে বলেছেন যাতে তিনি স্বাধীনভাবে প্রবেশ করতে পারেন। বাড়ির মালিক তাকে বলেছেন যে তার ভবনটি অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য নয় এবং তিনি যদি আগে জানতেন যে তার অক্ষমতা আছে তাহলে তিনি কখনোই তাকে বাড়ি ভাড়া দিতেন না।
4. মেরী একটি চাকরির ইন্টারভিউতে গিয়েছিলেন এবং নিয়োগকর্তা তার মানসিক স্বাস্থ্যের ইতিহাস সম্পর্কে কয়েকটি প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন। তার সকল আবশ্যিক যোগ্যতা ছিল, কিন্তু তিনি তার উদ্বেগের ইতিহাসটি প্রকাশ করার পরে নিয়োগকর্তা তার সাথে আর কখনই যোগাযোগ করেন নি।

